অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/27/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

সংহতি ও বাণিজ্য মিশনের (SOLIDARITY AND TRADE MISSION) সময় গভর্নর কুওমো এবং ইজরায়েল ইনোভেশন অথোরিটি (ISRAEL INNOVATION AUTHORITY) দুই স্টেটের মধ্যে নতুন অর্থনৈতিক উন্নয়নের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে 2 মিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব চুক্তি ঘোষণা করেন

স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপ (Smart Cities Innovation Partnership) নিউ ইয়র্ক এবং ইজরায়েলের বিভিন্ন শহরের মধ্যে উদ্ভাবনী প্রযুক্তি, গবেষণা, মেধা ও ব্যবসায়িক সম্পদ শেয়ার করবে

হট স্পট ও ইনকিউবেটর প্রোগ্রাম (Hot Spot and Incubator Program) নিউ ইয়র্কে ইজরায়েলি বিনিয়োগে সহায়তা করার উপর জোর দিবে যার মধ্যে রয়েছে সাইবার নিরাপত্তা, ব্যক্তিবিহীন উড়োজাহাজ ব্যবস্থা (Unmanned Aerial Systems, UAS)/ড্রোন, জৈব প্রযুক্তি, জীবন বিজ্ঞান এবং নির্মল শক্তি সংশ্লিষ্ট ক্ষেত্রসমূহে বিনিয়োগ

ইজরায়েলি ব্যবসা প্রতিষ্ঠানসমূহের নিউ ইয়র্কের সাথে অংশীদার হওয়ার সুযোগ নিয়ে আলোচনার উদ্দেশ্যে আয়োজিত আজকের অর্থনৈতিক উন্নয়ন গোলটেবিল বৈঠকে ঘোষণাটি দেয়া হয় - ছবি দেখুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ইজরায়েল ইনোভেশন অথোরিটির সাথে দুটি নতুন প্রকল্পের জন্য 2 মিলিয়ন মার্কিন ডলারের অংশীদারিত্ব চুক্তির কথা ঘোষণা করেছেন যা নিউ ইয়র্ক স্টেট এবং ইজরায়েলের মধ্যকার অর্থনৈতিক উন্নয়নের বন্ধনকে আরো মজবুত করবে। সাইবার নিরাপত্তা, সাপ্লাই চেইন, স্মার্ট সিটি, শক্তি, ব্যক্তিবিহীন উড়োজাহাজ, জীবন বিজ্ঞান এবং অন্যান্য ক্ষেত্রের উদ্ভাবনী সমাধানসমূহের সহ-উন্নয়ন ও বাণিজ্যিকীকরণে পারস্পরিক সহযোগিতা করার উদ্দেশ্য এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এবং ইজরায়েল ইনোভেশন অথোরিটির একটি অভিপ্রায়ের ঘোষণাপত্রে (Declaration of Intent) স্বাক্ষর করবে। চুক্তির অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেট এবং ইজরায়েল স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপ নামে একটি নতুন উদ্যোগ গ্রহণ করবে যার আওতায় উদ্ভাবনী প্রযুক্তিসমূহ, গবেষণা, মেধা ও ব্যবসায়িক সম্পদসমূহ নিউ ইয়র্ক এবং ইজরায়েলের শহরগুলোর মধ্যে শেয়ার করা হবে। গভর্নর আরো ঘোষণা করেন যে নিউ ইয়র্ক স্টেটের হট স্পট এবং ইনকিউবেটর প্রোগ্রামসমূহ এখন এম্পায়ার স্টেটে বিনিয়োগ করতে ইচ্ছুক ইজরায়েলি কোম্পানিগুলোর উপর নতুন করে গুরুত্বারোপ করবে।

"নিউ ইয়র্ক-ইজরায়েলের মধ্যকার অর্থনৈতিক সম্পর্ক একটি অনন্য ও শক্তিশালী সম্পর্ক কিন্তু আমরা এটিকে আরো উন্নত করতে চাই। নিউ ইয়র্কের ভবিষ্যত প্রযুক্তি খাতে সমৃদ্ধ হতে চলেছে এবং নিউ ইয়র্ক ও ইজরায়েলের মধ্যকার এই যৌথ উদ্যোগ নতুন সুযোগের বিকাশ ঘটাবে যার ফলে উভয় অর্থনীতিই আরো বেশি করে সমৃদ্ধ হতে পারবে", **গভর্নর কুওমো বলেন।** "আমাদের স্টেট ও দেশজুড়ে অ্যান্টি-সেমিটিক আক্রমণ বৃদ্ধির ফলে আমরা কতটা বেদনার্ত, বিব্রত ও বিরক্ত তা আমরা এখানে জানাতে চাই এবং আরো বলতে চাই আমরা এগুলো বরদাশত করবো না। আমরা বিভাজন ও ঘৃণার এই কুৎসিত সময়কে পিছনে ফেলে সামনে এগিয়ে যাবো এবং সেটি করার একটি উপায় হলো এই গভীর সাংস্কৃতিক, রাজনৈতিক ও অর্থনৈতিক সম্পর্ক আরো উন্নত করতে থাকা।"

ইজরায়েল ইনোভেশন অথোরিটির চেয়ারম্যান এবং অর্থনীতি ও শিল্প মন্ত্রণালয়ের প্রধান বিজ্ঞানী ড. অ্যামি অ্যাপলবাম বলেন, "প্রযুক্তির অগ্রগতি এবং আমাদের প্রাত্যহিক জীবনের সকল ক্ষেত্রে এর সংস্পর্শ বৃদ্ধির ফলে স্মার্ট সিটি সমৃদ্ধ ভবিষ্যৎ বেশ নিকটবর্তী এবং তা ব্যাপকভাবে নতুন ও অভিনব প্রযুক্তির উপর নির্ভরশীল। আমাদের আমেরিকাস অপারেশনস (Americas Operations) ডেস্ক এবং নর্থ আমেরিকার ইকোনমিক মিনিস্টার মি. ইনন এলরয়ের নেতৃত্বাধীন মিনিস্ট্রি অব ইকোনমি, ফরেন ট্রেড অ্যাডমিনিস্ট্রেশন (Foreign Trade Administration, FTA) এর সহায়তায় আয়োজিত নিউ ইয়র্কের এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) ও ইজরায়েল ইনোভেশন অথোরিটির মধ্যকার এই পারষ্পারিক সহায়তার ফলে স্টার্টআপগুলোর জন্য উভয় স্টেটের কৌশলগত বিষয়সমূহ যেমন সাইবার নিরাপত্তা, সাপ্লাই চেইন, শক্তি, স্বাস্থ্য, পরিবহন, ওয়েস্টওয়াটার, পানি, নাগরিক সম্পৃক্ততা, পার্ক, পাবলিক ওয়ার্ক ও নিরাপত্তা ইত্যাদির মোকাবেলা করার উদ্দেশ্যে ভ্যালিডেশন সাইট পরিচালনা করার সুযোগ সৃষ্টি হবে।"

<u>ইজরায়েল ইনোভেশন অথোরিটির সাথে অভিপ্রায়ের ঘোষণাপত্র</u>

বৈশ্বিক বাজারে উদ্ভাবনের গতি বৃদ্ধি করবে এমন উদীয়মান নির্মল শক্তি প্রকল্পগুলোর উপর গুরুত্ব আরোপ করে নিউ ইয়র্ক এবং ইজরায়েলের মধ্যকার অংশীদারিত্বে সহায়তা করার উদ্দেশ্যে অভিপ্রায়ের ঘোষণাপত্রটি (Declaration of Intent, DOI) 2018 সালের নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট অথোরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) এবং ইজরায়েল ইনোভেশন অথোরিটির মধ্যে স্বাক্ষরিত একটি সমঝোতা স্মারকের (Memorandum Of Understanding, MOU) ভিত্তিতে প্রস্তুত করা হয়েছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং ইজরায়েল ইনোভেশন অথোরিটি একটি অভিপ্রায়ের ঘোষণাপত্র স্বাক্ষর করবে যেখানে নিউ ইয়র্ক এবং ইজরায়েল সরকার অঙ্গীকার করবে:

- নিউ ইয়র্ক এবং ইজরায়েলের স্টার্টআপ ও কোম্পানিগুলোকে উভয় স্থানের অ্যাকসিলারেটর এবং ইনকিউবেটরসমূহ অ্যাক্সেসের সুযোগ করে দিবে (যেগুলোর রয়েছে তার মধ্যে আছে নিউ ইয়র্ক হট স্পট এবং ইনকিউবেটর প্রোগ্রাম);
- "স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপ" উন্নয়নের লক্ষ্যে পারষ্পারিক সহযোগিতা করবে, যেখানে নিউ ইয়র্ক এবং ইজরায়েল সমতুল্য পরিমাণ সমমানের সম্পদ প্রদান করবে এবং উভয় স্টেটের কৌশলগত বিষয়সমূহ যেমন সাইবার নিরাপত্তা, সাপ্লাই চেইন, শক্তি, স্বাস্থ্য, পরিবহন, ওয়েস্টওয়াটার, পানি, নাগরিক সম্পৃক্ততা, পার্ক,

গণপূর্ত ও নিরাপত্তা ইত্যাদি মোকাবেলা করা অংশগ্রহণকারী কোম্পানিগুলোর জন্য পর্যাপ্ত পরিচালনা ও ভ্যালিডেশন সাইট প্রদান করবে;

- স্টেট অব ইজরায়েল এবং নিউ ইয়র্ক স্টেটের যেসব সংস্থাসমূহ স্টেট অব ইজরায়েল এবং নিউ ইয়র্ক স্টেটের সংস্থাগুলোর মধ্যে উদ্ভাবনমূলক সহযোগিতার প্রসার ঘটায় সেগুলোর জন্য উদ্ভাবনী প্রকল্প ও সাংগঠনিক কর্মকাণ্ডের জন্য যৌথ আবেদন ইস্যু করবে; এবং
- স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপ এবং অন্যান্য উদ্ভাবনী প্রোগ্রামগুলোতে একত্রে কাজ করার বিদ্যমান ও অন্যান্য উপায়সমূহের সম্ভাব্যতা যাচাইয়ের জন্য একটি ওয়ার্কিং গ্রুপ প্রতিষ্ঠা করবে।

স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপ

স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপ, যেখানে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট এবং ইজরায়েল ইনোভেশন অথোরিটি অংশ নিচ্ছে, নিউ ইয়র্কের আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (Regional Economic Development Council, REDC) এবং ইজরায়েলের পরীক্ষামূলক সাইটগুলোতে পাঁচটি স্মার্ট সিটি প্রতিষ্ঠা করার জন্য অনুদান প্রদান করবে। নিউ ইয়র্ক এবং ইজরায়েলের সাইটগুলো অংশীদার হয়ে কোম্পানিগুলোকে নতুন বাজার সম্পর্কে তথ্য আহরণের সুযোগ এবং ব্যবসায়িক উন্নয়ন, প্রযুক্তিগত সমৃদ্ধি এবং মেন্টরশিপ এর বিষয়ে সাহায্য করার জন্য রিসোর্স প্রদান করবে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট স্মার্ট সিটিজ ইনোভেশন পার্টনারশিপকে সহায়তা করার উদ্দেশ্যে ইজরায়েল ইনোভেশন অথোরিটির সাথে একত্রে 2 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান প্রদান করবে যেখানে প্রত্যেক সংস্থা 1:1 হারে অবদান রাখবে। পার্টনারশিপে অংশ নেয়া শহরগুলোর একই ধরনের ভাবনা ও কৌশলগত লক্ষ্য থাকতে হবে।

প্রত্যেক শহরে নিম্নোক্ত কোনো একটি উদ্দেশ্য পূরণের স্বার্থে পরীক্ষাক্ষেত্র হিসেবে ভূমিকা রাখার জন্য নির্ধারিত এলাকা থাকবে:

- নতুন ও উদীয়মান প্রযুক্তি
- সাইবার নিরাপত্তা
- সাপ্লায়ার চেইন
- ইউটিলিটিগুলোর রিয়েল টাইম মনিটরিং
- পানি দূষণকারী পদার্থ অপসারণ
- UAS এবং/অথবা স্বয়ংক্রিয় যানবাহন পরীক্ষা
- ট্রাফিক ফ্লো সিস্টেম

এছাড়াও পার্টনারশিপ বৈশ্বিক উদ্যোক্তা, শিক্ষাবিদ, প্রযুক্তিবিদ এবং কোম্পানিগুলোকে তাদের উদ্ভাবনী প্রযুক্তি পরীক্ষা, উন্নয়ন ও যাচাই করার জন্য আমন্ত্রণ জানাবে। পার্টনারশিপে শিক্ষার্থী ও শ্রমজীবীদের জন্য তাদের জ্ঞান ও অভিজ্ঞতাকে আরো সমৃদ্ধ করার সুযোগ থাকবে। প্রত্যেক স্মার্ট সিটিতে প্রযুক্তির ভবিষ্যৎ (Future of Technology) নামক একটি বার্ষিক দিবসের আয়োজন করা হবে যেখানে কোম্পানিগুলোর জন্য নতুন বাজার সম্পর্কে অনুসন্ধানের সুযোগ থাকবে।

ইজরায়েলি কোম্পানিগুলোর উপর নতুন করে গুরুত্ব আরোপের উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেটের হট স্পট এবং ইনকিউবেটর প্রোগ্রাম

5.125 মিলিয়ন মার্কিন ডলারের প্রোগ্রাম, নিউ ইয়র্ক স্টেটের হট স্পট এবং ইনকিউবেটর প্রোগ্রাম, ইজরায়েলি কোম্পানিগুলোর উপর নতুন করে গুরুত্ব আরোপ করবে। এই প্রোগ্রাম সাইবার নিরাপত্তা, UAS/ড্রোন, জৈব প্রযুক্তি, জীবন বিজ্ঞান, নির্মল শক্তি, শক্তি দক্ষতা এবং সংখ্যালঘু ও নারী মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠান (Minority and Women-Owned Business Enterprises, MWBE) এর অগ্রাধিকার অন্তর্ভুক্তি সহ অসংখ্য প্রযুক্তি খাতে সহায়তা প্রদান করে থাকে। ইনকিউবেটর ও হট স্পটগুলি নতুন নতুন কোম্পানিগুলোকে বিভিন্ন সেবা প্রদান করবে, যা নিউ ইয়র্ক স্টেটকে সহযোগিতামূলক বাণিজ্যিকীকরণের একটি কেন্দ্রস্থল হিসেবে প্রতিষ্ঠা করবে।

নিউ ইয়র্ক স্টেটের কোম্পানিগুলোর স্থানের জন্য এবং ইজরায়েলি অ্যাকসিলারেটর ও ইনকিউবেটর হতে সহায়তা পাওয়ার জন্য একটি পারস্পরিক চুক্তি করা হবে এবং ইজরায়েলি ও নিউ ইয়র্ক উভয়ের প্রোগ্রাম ম্যানেজারগণ এই প্রোগ্রামে অংশগ্রহণ করার জন্য কোম্পানিগুলোকে সন্ধান করে নিয়োগ করবেন।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন বিভাগ (Division of Science, Technology and Innovation, NYSTAR) হট স্পট ও ইনকিউবেটর প্রোগ্রাম পরিচালনা করে যার মধ্যে আছে প্রাথমিক স্তরের কোম্পানিগুলোকে সহায়তা করা ও প্রযুক্তিকে উন্নত করার প্রতি গুরুত্বারোপকারী 30 টিরও বেশি কেন্দ্র।

ইনকিউবেটর ও হট স্পটগুলি শিক্ষার্থীদের জন্য প্রশিক্ষণের সুযোগ ও অন্যান্য সহযোগিতার ব্যবস্থা করার জন্য স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York, SUNY) ও সিটি ইউনিভারসিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) এর সাথেও কাজ করবে।

ইনকিউবেটর ও হট স্পটগুলি কর্তৃক প্রদত্ত অতিরিক্ত সেবার মধ্যে আছে মেন্টরিং, পরামর্শ প্রদান, বুট ক্যাম্প কর্মশালায় অ্যাক্সেস, গবেষণাকে বাণিজ্যিকীকরণের জন্য প্রযুক্তিগত সহায়তা, ভৌত স্থান ও গবেষক ও সরঞ্জামের সুবিধা।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা ও কমিশনার হাওয়ার্ড জেমস্কি বলেন, "ইজরায়েলের সাথে নিউ ইয়র্কের অর্থনৈতিক অংশীদারিত্ব প্রবৃদ্ধি ও উদ্ভাবনের জন্য একটি গুরুত্বপূর্ণ অংশ যেটি উভয়কেই সহায়তা করে এবং এই নতুন অংশীদারিত্বগুলি ড্রোন থেকে জীবন বিজ্ঞান পর্যন্ত অগ্রাধিকারের কিছু পরিসরে অর্থনৈতিক সহযোগিতাকে শক্তিশালী করবে এবং নিউ ইয়র্ক ও ইজরায়েলি কোম্পানি ও উদ্যোক্তাদেরকে সুবিধা প্রদান করবে।"

SUNY-র চ্যান্সেলর ক্রিস্টিনা এম.জনসন বলেছেন, "অত্যন্ত দক্ষ কর্মীদের পরবর্তী প্রজন্মকে শিক্ষিত করা SUNY এর মিশনের প্রধান অংশ এবং ইজরায়েলের সাথে এই আকর্ষণীয় নতুন সহযোগিতার অংশ হতে পেরে আমরা আনন্দিত। এই প্রধান অংশীদারিত্ব আমাদের শিক্ষার্থীদেরকে

প্রযুক্তি খাতে গবেষণায় অভূতপূর্ব উন্নতির জগতে অনন্য প্রবেশাধিকার প্রদান করবে যা আবারও উদ্ভাবন ও উচ্চতর শিক্ষা ক্ষেত্রে নিউ ইয়র্ককে শীর্ষস্থানীয় হিসেবে প্রতিষ্ঠা করবে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন